ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪

তারিখঃ ২২ বৈশাখ ১৪২৭ / ০৫ মে ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**করোনা ভাইরাস (COVID-19) সংক্রমণ রোধে সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন**
**<u>ব্যাংক-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে বিশেষ প্রণোদনা ভাতা প্রদান প্রসংগে।</u>**

উপর্যুক্ত বিষয়ে ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার লেটারের ৩(২) অনুচ্ছেদে উল্লেখ রয়েছে যে, সাধারণ ছুটিকালীন কর্মকর্তা-কর্মচারীগণ কমপক্ষে ১০(দশ) কার্যদিবস স্বশরীরে ব্যাংকে কর্মরত থাকলে তা পূর্ণমাস হিসেবে গণ্য হবে। তবে ১০(দশ) কার্যদিবসের কম স্বশরীরে ব্যাংকে কর্মরত থাকলে সে ক্ষেত্রে আনুপাতিক হারে উক্ত ভাতা প্রাপ্য হবেন।

০৩। এক্ষণে, উক্ত সার্কুলার লেটারের ৩(২) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা স্পষ্টীকরণের লক্ষ্যে উল্লেখ করা যাচ্ছে যে, সাধারণ ছুটিকালীন কোন কর্মকর্তা/কর্মচারী ১০(দশ) কার্যদিবসের অধিক স্বশরীরে ব্যাংকে কর্মরত থাকলেও তিনি এক মাসের সমপরিমাণ বিশেষ প্রণোদনা ভাতার অধিক প্রাপ্য হবেন না।

০৪। তবে, নির্ধারিত রোস্টারিং ডিউটি কিংবা ব্যাংকের প্রয়োজনে ১০(দশ) কার্যদিবসের অধিক স্বশরীরে ব্যাংকের কর্মে নিয়েজিত থাকলে তিনি ১০ (দশ) কার্যদিবসের পরবর্তী কার্যদিবসগুলোর জন্য ব্যাংকের নিজস্ব নীতিমালা/বিধিমালার আওতায় যাতায়াত ব্যয় (Conveyance) অতিরিক্ত হিসেবে প্রাপ্য হবেন।

০৫। এতদ্ব্যতিত, ১২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৭ এ বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৭২৭